গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
অধ্যক্ষের কার্যালয়
**ইডেন মহিলা কলেজ, ঢাকা।**

তারিখ: ১১/০৫/২০২৬ খ্রি.।

# ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন ইডেন মহিলা কলেজে ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ মাস্টার্স শেষবর্ষে ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধীন মাস্টার্স শেষবর্ষ (২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ) অনলাইনে ভর্তি প্রক্রিয়া সম্পন্ন করা হবে। **আগামী ১৫/০৬/২০২৬ খ্রি. তারিখ পর্যন্ত** www.edencollege.eshiksabd.com ওয়েবসাইটে প্রবেশ করে ভর্তি ফরম পূরণ করা যাবে। **নির্ধারিত সময়ের পর ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে (মাস্টার্স শেষবর্ষে) ছাত্রী ভর্তি হতে পারবে না।**

**যে সকল কোর্সে ইডেন মহিলা কলেজে ভর্তি হওয়া যাবে:**

**এমএ:** বাংলা, ইংরেজি, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ইসলামী শিক্ষা, দর্শন,

**এমবিএ:** হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, ফিন্যান্স এন্ড ব্যাংকিং, মার্কেটিং,

**এমএসএস:** অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, সমাজকর্ম, সমাজবিজ্ঞান,

**এমএসসি:** গণিত, রসায়ন, পদার্থবিজ্ঞান, প্রাণিবিদ্যা, উদ্ভিদবিজ্ঞান, মনোবিজ্ঞান, গার্হস্থ্য অর্থনীতি, ভূগোল ও পরিবেশ, পরিসংখ্যান।

**২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ মাস্টার্স শেষবর্ষের বিভাগওয়ারী ভর্তি ফি**

| নং | বিভাগের নাম | ভর্তি ফি | নং | বিভাগের নাম | ভর্তি ফি |
|---|---|---|---|---|---|
| ০১ | বাংলা বিভাগ | ৪২৬০/- | ১৩ | হিসাববিজ্ঞান বিভাগ | ৪২০০/- |
| ০২ | ইংরেজি বিভাগ | ৪২৬০/- | ১৪ | ব্যবস্থাপনা বিভাগ | ৪২০০/- |
| ০৩ | ইতিহাস বিভাগ | ৪২০০/- | ১৫ | পদার্থ বিজ্ঞান বিভাগ | ৪৩৯০/- |
| ০৪ | ইসলামের ইতিহাস ও সংস্কৃতি বিভাগ | ৪২৬০/- | ১৬ | রসায়ন বিভাগ | ৪৫১০/- |
| ০৫ | দর্শন বিভাগ | ৪২৬০/- | ১৭ | উদ্ভিদ বিজ্ঞান বিভাগ | ৪৩৯০/- |
| ০৬ | ইসলামিক শিক্ষা বিভাগ | ৪২০০/- | ১৮ | প্রাণিবিদ্যা বিভাগ | ৪৪৫০/- |
| ০৭ | রাষ্ট্রবিজ্ঞান বিভাগ | ৪২৬০/- | ১৯ | ভূগোল ও পরিবেশ বিভাগ | ৪৩৯০/- |
| ০৮ | সমাজবিজ্ঞান বিভাগ | ৪২০০/- | ২০ | মনোবিজ্ঞান বিভাগ | ৪৩৯০/- |
| ০৯ | সমাজকর্ম বিভাগ | ৪২৬০/- | ২১ | গার্হস্থ্য অর্থনীতি বিভাগ | ৪৩৯০/- |
| ১০ | অর্থনীতি বিভাগ | ৪২০০/- | ২২ | গণিত বিভাগ | ৪৪৫০/- |
| ১১ | মার্কেটিং বিভাগ | ৪২০০/- | ২৩ | পরিসংখ্যান বিভাগ | ৪৩৯০/- |
| ১২ | ফিন্যান্স এন্ড ব্যাংকিং বিভাগ | ৪২০০/- | | | |
| **বি:দ্র: নন-ক্রেডিট ICT কোর্সের ক্ষেত্রে ২৯০০/- টাকা যোগ করে ভর্তি ফি জমা দিতে হবে।** | | | | | |
| **থিসিস ফি, টার্ম পেপার ফি, ও মাঠকর্ম ফি সংশ্লিষ্ট বিভাগ আদায় করবে। থিসিস ফি, টার্ম পেপার ফি ও মাঠকর্ম ফি ঢাকা বিশ্ববিদ্যালয় কর্তৃক নির্ধারিত।** | | | | | |

১) ফি জমা দানের নিয়মাবলি:- ভর্তি ফি "বিকাশ/রকেট/উপায়/এমক্যাশ/সেলফিন (**Biller ID: Eden Mohila College**)" এর মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে ভর্তি ফি পরিশোধ করতে হবে। ভর্তির টাকা বিজ্ঞপ্তির অনুসারে না দেখালে কলেজ অফিসের হিসাব শাখায় যোগাযোগ করতে হবে। ভর্তি ফরমটি প্রিন্ট করে সকল বর্ষের মার্কসীট (অনলাইন কপি) ও পেমেন্ট রিসিটসহ কলেজের সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে। ভর্তি ফরম বিভাগে জমা না দিলে তার ভর্তি নিশ্চিত হবে না। **নিজস্ব কম্পিউটার/ ল্যাপটপের মাধ্যমে ভর্তি ফরম পূরণ ও নিজস্ব একাউন্ট হতে ফি জমা দেওয়ার জন্য শিক্ষার্থীকে উৎসাহ প্রদান করা হলো। ছাত্রীদের কার্য সম্পাদনে কোন সমস্যা হলে বিভাগ ও অফিস সহযোগিতা প্রদানে বাধ্য থাকবে। ভর্তি ফরম পূরণে ঢাকা বিশ্ববিদ্যালয়ের রেজিস্ট্রেশন নম্বর ব্যবহার করতে হবে।**

অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা

২। **আইসিটি কোর্স গ্রহণ:**
আইসিটি কোর্স মাস্টার্স শেষ পর্বের একটি নন-ক্রেডিট কোর্স। এই কোর্সের প্রাপ্ত নম্বর মাস্টার্সের মূল ফলাফলকে প্রভাবিত করবে না। এটি এক বছরের ডিপ্লোমা কোর্সের সমতুল্য। ঢাকা বিশ্ববিদ্যালয় এর জন্য পৃথক সার্টিফিকেট ইস্যু করবে। তথ্য প্রযুক্তির এ যুগে আইসিটি সনদ খুবই গুরুত্বপূর্ণ বিধায় আইসিটি কোর্স গ্রহণে সকলকে উৎসাহ প্রদান করা হচ্ছে। **ভর্তির ফরম পূরনের সময় ICT কোর্স নিতে চাইলে ICT Code- 316666, ক্লিক করতে হবে।**

৩। **ভর্তির যোগ্যতা:** ২০২০-২০২১ শিক্ষাবর্ষের নিয়মিত ছাত্রী যারা ২০২৪ সনের অনার্স ৪র্থ বর্ষ পরীক্ষায় অংশগ্রহণ করে চূড়ান্তভাবে অনার্স কোর্স উত্তীর্ণ হয়েছে তারা ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স শেষ বর্ষে ভর্তি হতে পারবে। এছাড়াও অনার্স ২০১৮-২০১৯ ও ২০১৯-২০২০ শিক্ষাবর্ষের যে সকল ছাত্রী অনার্স সম্পন্ন হওয়া সত্ত্বেও মাস্টার্স শেষ বর্ষে ভর্তি হয়নি তারাও ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে ভর্তি হতে পারবে।

৪। **অন্য কলেজের ছাত্রী ভর্তি:** ঢাকা বিশ্ববিদ্যালয় অধিভুক্ত (৭ কলেজ) অন্যান্য কলেজে অনার্স বিষয়ে মাস্টার্স কোর্স না থাকলে শুধুমাত্র ছাত্রীরা এ কলেজের মাস্টার্স কোর্সে ভর্তি হতে পারবে। এ ক্ষেত্রে নিজ কলেজে মাস্টার্স কোর্স নেই মর্মে অধ্যক্ষ কর্তৃক প্রত্যয়নপত্র ও অনার্স সকল বর্ষের নম্বরপত্র সংশ্লিষ্ট বিভাগে জমা দিতে হবে।

৫। **শিক্ষার্থীর করণীয়:** ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষে মাস্টার্স কোর্সে ভর্তির জন্য **www.edencollege.eshiksabd.com** এ **User Id-edenstudent, Password-edenstudent** দিয়ে প্রবেশ করে **Admission** এ ক্লিক করে সফটওয়ারের চাহিদা মোতাবেক তথ্য দিয়ে ভর্তির ফরম পূরণ করতে হবে। **ভর্তির ফরমের সাথে SSC, HSC ফলাফলের (ফটোকপি) & Honours 4th Year Result শীট অনলাইন কপি, পাসপোর্ট সাইজের ০২ কপি ছবি, ভর্তির টাকা পরিশোধের রশিদের কপি জমা দিতে হবে।**

৬। **বিভাগের করণীয়:** ২০২৪ সনের মাস্টার্স পরীক্ষার প্রবেশপত্র অনুযায়ী পত্রকোডসহ সিলেবাস ছাত্রীদের অবহিত করতে হবে। বিভাগ ভর্তিকৃত ছাত্রীর ফরম ও অন্যান্য তথ্যাদি যাচাই করে এবং আইসিটি কোর্স কোন শিক্ষার্থী নিলে ভর্তির টাকা সাথে **আইসিটি কোর্স ফি ২৯০০/- টাকা** জমা দিয়েছে কিনা তা দেখে জমা নিবেন। **আইসিটি কোর্স যে সকল শিক্ষার্থী গ্রহণ করবে তাদের তালিকা তৈরী করে রাখবেন যাতে পরবর্তীতে আইসিটি বিভাগকে দেয়া যায়।**

(অধ্যাপক শামিম আরা)
অধ্যক্ষ
ইডেন মহিলা কলেজ, ঢাকা।

কার্যার্থে:
১। উপাধ্যক্ষ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
২। বিভাগীয় প্রধান, সকল বিভাগ, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৩। প্রধান সহকারি, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৪। ক্যাশিয়ার, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৫। রেজিস্ট্রেশন শাখা, ইডেন মহিলা কলেজ, ঢাকা;
৬। সংরক্ষণ নথি।